

# মোদের কথা

জামিলা খাতুন

\*\*\*\*\*

শোন হে বিশ্ববাসী,

শোন মোদের কথা।

তোমাদের কাছে চাই মোরা

বলতে মনের কথা।

তোমাদের মত আমরাও যে,

এসেছি দুনিয়ার মাঝে

তবে আমাদের হেলা করা

তোমাদের কি সাজে?

আমাদেরও আছে কর্মশক্তি

তোমাদের আছে যেমন,

তবে কেন তোমরা মোদের সাথে

করছ বল এমন?

দেশের উন্নতি তোমরা কভু

পার না করতে একা,

আমাদের নিয়ে করলে গোতা

রাস্তা হবে সোজা।

আমরাও যে চাই অবদান রাখতে

সকল / দেশ উন্নতির খাতে

অবহেলার মানসিকতা বাদ দিয়ে তাই

হাত রাখো মোদের হাতে।

সাহায্যের হাত বাড়িয়ে দিয়ে

গড়ে তুলো এক সন্ধি,

রেখ না তোমরা কভু মোদের

আর করে প্রতিবন্ধী।